



**তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন বিজ্ঞপ্তি**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন "জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প" এর মূল শুমারির গণনা কার্যক্রমে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচনের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নরসিংদী জেলার শুধুমাত্র বেলাব উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি মোতাবেক	১) নূন্যতম এইচএসসি/সমমান পাস হতে হবে। তবে মাতক ডিগ্রী ধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। ২) মৌজা ও গ্রাম সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে এবং নিজ ইউনিয়নের সকল মৌজা ও গ্রাম ভালভাবে চিনতে হবে। ৩) ২৩/০৮/২০২১ খ্রি. তারিখে বয়স ২৩-৪০ বছরের মধ্যে হতে হবে। ৪) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০২	তথ্যসংগ্রহকারী	প্রকল্পের ডিপিপি মোতাবেক	১) নূন্যতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) মৌজা ও গ্রাম সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে এবং নিজ মৌজা ও গ্রাম ভালভাবে চিনতে হবে। ৩) ২৩/০৮/২০২১ খ্রি. তারিখে বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। ৪) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী:

- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট ([www.belabo.narsingdi.gov.bd](http://www.belabo.narsingdi.gov.bd)) এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.belabo.narsingdi.gov.bd](http://www.bbs.belabo.narsingdi.gov.bd)) থেকে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করতে হবে। এছাড়াও উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বেলাব, নরসিংদী এবং প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকেও আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
- শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে তথ্যসংগ্রহকারীগণ ০৭ (সাত) দিনে (২৫-৩১ অক্টোবর, ২০২১খ্রি.) গড়ে ১০০-১২০ টি খানার অথবা জোনাল অফিসার কর্তৃক নির্ধারিত তথ্য সংগ্রহ করবে এবং শুমারি সপ্তাহের পূর্ববর্তী ০২ (দুই) দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক সকল খানা তালিকা করবেন। সুপারভাইজারগণ শুমারির ০৭ (সাত) দিনে কমপক্ষে ০৫-০৬ জন তথ্যসংগ্রহকারীর কাজ তদারকি করবেন এবং শুমারি পূর্ববর্তী ০২ (দুই) দিন তথ্য সংগ্রহকারীদের সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক সকল খানা তালিকা তত্ত্বির কাজ তদারকি করবেন।
- শুমারির তথ্য সংগ্রহ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে হবে বিধায় স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- তথ্যসংগ্রহকারী/সুপারভাইজারগণকে আবশ্যিকভাবে নিজস্ব এন্ডয়েড/স্মার্ট ফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করতে হবে। ই-ট্রেনিং এ সফল হলেই কেবল মূল শুমারিতে তথ্য সংগ্রহ ও তদারকি কাজে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে চূড়ান্ত ভাবে মনোনয়ন প্রদান করা হবে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- শুমারি চলাকালীন সময়ে নির্বাচিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণ নিজেকে অন্য কোন কাজে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পাশে পদের নাম উল্লেখপূর্বক আগামী ২৩/০৮/২০২১খ্রি. তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, বেলাব, নরসিংদী এ সরাসরি অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।
- মৌখিক পরীক্ষার তারিখঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	তারিখ	সময়	স্থান
০১	বেলাব	২৫-০৮-২০২১	সকাল ০৯.০০ ঘটিকা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বেলাব, নরসিংদী।
০২	আমলাব	২৫-০৮-২০২১	দুপুর ১২.০০ ঘটিকা	
০৩	বাজনাব	২৫-০৮-২০২১	বিকাল ০৩.০০ ঘটিকা	
০৪	পাটুলী	২৬-০৮-২০২১	সকাল ০৯.০০ ঘটিকা	
০৫	বিন্ধাবাইদ	২৬-০৮-২০২১	দুপুর ১২.০০ ঘটিকা	
০৬	চর উজিলাব	২৬-০৮-২০২১	বিকাল ০৩.০০ ঘটিকা	
০৭	সল্লাবাদ	২৮-০৮-২০২১	সকাল ০৯.০০ ঘটিকা	
০৮	নারায়ণপুর	২৮-০৮-২০২১	দুপুর ১২.০০ ঘটিকা	

- মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- চূড়ান্ত ভাবে নির্বাচিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
- গত ০৭/০১/২০২০খ্রি. তারিখের বিজ্ঞপ্তিতে আবেদনকারীগণের পূরণায় আবেদন করার প্রয়োজন নেই।
- নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মো: আক্তার হোসেন শাহিন  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি

উপজেলা শুমারি/জরিপ স্থায়ী কমিটি  
বেলাব, নরসিংদী।